# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৫৭২ তারিখ: ২৯ জানুয়ারি ২০১৭

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকা **৩১ জানুয়ারি ২০১৭** তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। **২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ক্লাস ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ থেকে শুরু হবে।**

**২০১৬-১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা প্রকাশ | **৩১/০১/২০১৭** |
| খ) | ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ<br>প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর Degree Pass Tab এ Applicant's Login (Degee Pass) অপশনে ক্লিক করে রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে। | **০২/০২/২০১৭ থেকে ১১/০২/২০১৭** |
| গ) | কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ | **০২/০২/২০১৭ থেকে ১৩/০২/২০১৭** |
| ঘ) | কলেজকে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ৪৮৫ (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Deg. Pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | **১৪/০২/২০১৭ থেকে ২০/০২/২০১৭** |

### দৃষ্টি আকর্ষণ

কলেজ কর্তৃপক্ষকে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (**প্রার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী**) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন প্রার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে অনতিবিলম্বে বিষয়টি লিখিতভাবে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে।

**স্বাক্ষরিত/-**
(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)
ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
সদস্য সচিব, স্নাতক (পাস) ভর্তি পরীক্ষা পরিচালনা মূল কমিটি, ২০১৬-২০১৭
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৫৭২ তারিখ: ২৯ জানুয়ারি ২০১৭

অনুলিপি:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪